# জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে বিভিন্ন ফতোয়া

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্‌ন আব্দুল্লাহ ইব্‌ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১১ – হজে গমনকারী যে ব্যক্তির হজ নষ্ট হয়ে গেছে, তার মৃত্যু হলে বিধান কি?

উত্তর - তার সাথেও শুদ্ধ হজে গমনকারী ব্যক্তির ন্যায় আচরণ করা হবে। তাকে তার কাপড়েই সুগন্ধি ছাড়া মাথা ও মুখ খোলা রেখে কাফন দয়া হবে। সাহাবি আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত আছে যে, জনৈক হাজী বাহন হতে পড়ে মৃত্যুবরণ করলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সাহাবিদেরকে বললেন,

«اغسلوه بماء وسدر وكفنوه في ثوبيه ولا تحنطوه ولا تخمروا وجهه ولا رأسه فإنه يبعث يوم القيامة ملبيا» (متفق عليه)

“তাকে কুলপাতা মিশ্রিত পানি দ্বারা গোসল দাও, এহরামের দু’কাপড়ে কাফন দাও এবং তার মাথা ও মুখ খোলা রাখ, কেননা সে কিয়ামতের দিন তালবিয়া পড়তে পড়তে উঠবে”। (বুখারি ও মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14917

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন